



ওহি পরমাণু বিদ্যুৎ কেন্দ্র

পরমাণু চুল্লি থেকে পুনরায় বিদ্যুৎ উৎপাদন শুরু করলো জাপান

■ টোকিও থেকে এএফপি

জাপানের পশ্চিমাঞ্চলের একটি পরমাণু চুল্লি থেকে গত সোমবার পুরোদমে বিদ্যুৎ উৎপাদন শুরু হয়েছে। গত বছরের শক্তিশালী ভূমিকম্পের ফলে সৃষ্ট ভয়াবহ সুনামিতে ফুকুশিমা দাইচি পরমাণু কেন্দ্র ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় দেশটিতে সবগুলো পরমাণু কেন্দ্রগুলো বন্ধ করে দেয়া হয়। এই ঘটনার পর এই প্রথম পরমাণু চুল্লি থেকে বিদ্যুৎ উৎপাদন শুরু করলো জাপান।

জাপানের বাণিজ্যিক কেন্দ্রে অবস্থিত ওই বিদ্যুৎ কেন্দ্রের অপারেটর কানসাই ইলেক্ট্রিক পাওয়ার কোম্পানি (কাপকো) জানায়, সোমবার সকালে তাদের পরমাণু বিদ্যুৎ কেন্দ্রের তিন নম্বর ইউনিট থেকে পুরোদমে বিদ্যুৎ উৎপাদন শুরু করা হয়েছে। উল্লেখ্য, এ মাসের গোড়ার দিকে এই পরমাণু চুল্লি চালু করা হয়। কাপকো মুখপাত্র বলেন, 'কোন রকম সমস্যা ছাড়াই ওই পরমাণু চুল্লি পুরোদমে উৎপাদনে শুরু করে। তিনি আরো জানান, এ মাসের শেষের দিকে পরমাণু কেন্দ্রটির অপর একটি চুল্লি চালু করার পরিকল্পনা করা হচ্ছে।

উল্লেখ্য, গত মাসের মাঝামাঝি সময়ে দেশটির প্রধানমন্ত্রী ইয়োশিহিকো নোদা ফুকুই অঞ্চলে ওই পরমাণু কেন্দ্রের দু'টি চুল্লি পুনরায় চালু করার ব্যাপারে সবুজ সংকেত দেন। এই গ্রীষ্মে ব্যাপক বিদ্যুৎ ঘাটতির ব্যাপারে উদ্বেগের প্রেক্ষাপটে তিনি এই সিদ্ধান্ত নেন বলে জানা গেছে।